

## ছাত্রদল ও শিবির কর্মীদের সংঘর্ষ চট্টগ্রাম বিআইটি বন্ধ ঘোষণা

### দুদফা গোলাগুলি-সংঘর্ষে আহত ৭

চট্টগ্রাম অফিস : বিআইটি চট্টগ্রামে ছাত্রদল ও শিবিরের মধ্যে গত রোববার রাতে ও গতকাল সোমবার সকালে কয়েক দফা সংঘর্ষে কমপক্ষে ৭ জন আহত হয়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে বিআইটি কর্তৃপক্ষ গতকাল কলেজের সব ছাত্রাবাস খালি করে দিয়েছেন এবং অনির্দিষ্টকালের জন্য শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ঘোষণা করেছেন। উভয়পক্ষের মধ্যে সংঘর্ষে কমপক্ষে অর্ধশতাধিক রাউন্ড গুলিবিষময় হয়েছে।

পুলিশ ও বিআইটি সূত্রে জানা গেছে, গত রোববার রাতে ড. কুদরতে খুদা হলে ছাত্রদলের দুই কর্মী মিলাদ ও মারুফকে বেদম মারধর করে শিবির ক্যাডাররা। এ নিয়ে রাতেই ২ দফা সংঘর্ষ হয় শিবির ও ছাত্রদলের মধ্যে। গতকাল সকালে আবার ইনস্টিটিউটের কেবিনের সামনে ছাত্রদল কর্মী রুশম ও জাহাঙ্গীরের ওপর হামলা চালায় শিবির ক্যাডাররা। এ নিয়ে গতকাল সকাল থেকে দুপুর পর্যন্ত উভয়পক্ষের ক্যাডাররা অস্ত্রশস্ত্রে সজ্জিত হয়ে সংঘর্ষ ও ধাওয়া-পাল্টা ধাওয়ায় লিপ্ত হয়ে পড়ে। সাধারণ ছাত্রছাত্রীতো বটেই শিক্ষক-কর্মচারীরা পর্যন্ত আতঙ্কিত হয়ে পড়েন।

প্রেম খেমে গোলাগুলি চলছিল দুপুর পর্যন্ত। প্রথমে রাউজান থানা পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার চেষ্টা করে। কিন্তু পরিস্থিতি খারাপ দেখে আরো অতিরিক্ত পুলিশ পাঠানো হয় বিআইটিতে। এ পরিস্থিতিতে বিআইটি কর্তৃপক্ষ এক জারুরি বৈঠক করে বিকাল ৪টার মধ্যে সব ছাত্রছাত্রীকে আবাসিক হল ত্যাগের নির্দেশ দেন এবং অনির্দিষ্টকালের জন্য শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ঘোষণা করেন। হঠাৎ করে ৩টি ছাত্রাবাস ও ১টি ছাত্রীনিবাসের শিক্ষার্থীদেরকে আবাসিক হল ত্যাগের নির্দেশ দেওয়ায় বিপাকে পড়ে শিক্ষার্থীরা। বৃষ্টির মধ্যে হল ত্যাগের ফলে প্রচণ্ড দুর্ভোগ পোহাতে হয় তাদেরকে।

পুলিশ জানিয়েছে, অতিসম্প্রতি বিআইটিতে ছাত্র সংসদ নির্বাচনে শিবির ও ছাত্রদলের মধ্যে দ্বন্দ্ব চলে আসছিল। সা. কা. চৌধুরী সমর্থিত ছাত্রদল জয়ী হলেও শিবির তা মানতে পারেনি। তারই জের ধরে এই সংঘর্ষ হয়েছে বলে জানা গেছে। উল্লেখ্য, বিআইটি ছাত্র সংসদ নির্বাচনে ছাত্রদল ও ছাত্র ইউনিয়নসহ অন্য প্রগতিশীল ছাত্র সংগঠনগুলোকে মনোনয়নপত্র নিতে ও জমা দিতে দেয়নি ছাত্রদল ক্যাডাররা। সা.কা. চৌধুরী সমর্থিত ছাত্রদলের সঙ্গে শিবিরের অন্যান্য জায়গায় ভালো সম্পর্ক থাকলেও অজ্ঞাত কারণে বিআইটিতে এদের মধ্যে অহিনকূল সম্পর্ক বিরাজ করছে বিভিন্ন স্বার্থগত বিষয় নিয়ে।